# 2019

## PHILOSOPHY — GENERAL

**Paper : GE/CC-1**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) যে ভারতীয় দর্শন সম্প্রদায় অনুমানকে প্রমাণ বলে স্বীকার করে না সেটি হল

(অ) চার্বাক (আ) ন্যায়

(ই) বৈশেষিক (ঈ) বেদান্ত

(খ) ন্যায় মতে স্বীকৃত প্রমাণের সংখ্যা হল

(অ) ১ (আ) ২

(ই) ৪ (ঈ) ৬

(গ) ন্যায় মতে লৌকিক সন্নিকর্ষের কত প্রকার?

(অ) ৩ (আ) ৪

(ই) ৬ (ঈ) ৯

(ঘ) পঞ্চাবয়বী ন্যায়ের কোন্ অবয়বকে উপনয় বলা হয়?

(অ) দ্বিতীয় (আ) তৃতীয়

(ই) চতুর্থ (ঈ) পঞ্চম

(ঙ) গোলাপ ফুলের লাল রং-এর চাক্ষুষ প্রত্যক্ষে কোন্ সন্নিকর্ষ হয়?

(অ) সমবায় (আ) সংযুক্ত-সমবায়

(ই) সংযুক্ত-সমবেত-সমবায় (ঈ) সমবেত সমবায়

(চ) বৈশেষিক সূত্রের রচয়িতা হলেন

(অ) মহর্ষি গৌতম (আ) মহর্ষি কণাদ

(ই) মহর্ষি কপিল (ঈ) মহর্ষি পতঞ্জলি

(ছ) বৈশেষিক মতে প্রাগভাবের

(অ) আদি আছে অন্ত নেই (আ) অন্ত আছে আদি নেই

(ই) আদি ও অন্ত উভয়ই আছে (ঈ) কোনোটিই নয়

(জ) বৈশেষিক মতে জ্ঞান কোন্ পদার্থ?

(অ) দ্রব্য (আ) গুণ

(ই) কর্ম (ঈ) সামান্য

(ঝ) বৈশেষিক মতে ব্যাপকতম জাতি হল

(অ) পরা (আ) অপরা

(ই) পরাপরা (ঈ) কোনোটিই নয়

(ঞ) শঙ্করাচার্যের মতে জগৎ কোন্‌টি?

(অ) সৎ (আ) অসৎ

(ই) সদসৎ (ঈ) মিথ্যা

(ট) 'জীব ও ব্রহ্ম অভিন্ন'— মতটি কাদের?

(অ) চার্বাক (আ) ন্যায়

(ই) বৈশেষিক (ঈ) অদ্বৈত বেদান্ত

(ঠ) শঙ্করাচার্য ছিলেন

(অ) দ্বৈতবাদী (আ) অদ্বৈতবাদী

(ই) নাস্তিত্ববাদী (ঈ) বহুত্ববাদী

২। সংক্ষিপ্ত উত্তর দাও (*যে-কোনো পাঁচটি*) ঃ ৫×৫

(ক) ব্যাপ্তিজ্ঞান লাভ কি সম্ভব? চার্বাককে অনুসরণ করে আলোচনা করো।

(খ) স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য ব্যাখ্যা করো।

(গ) সমব্যাপ্তি ও বিষমব্যাপ্তির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) বৈশেষিক মতে কর্ম কয় প্রকার ও কী কী ? দৃষ্টান্ত দাও।

(ঙ) বৈশেষিকগণ কীভাবে সমবায় ও সংযোগের মধ্যে পার্থক্য করেন তা সংক্ষেপে ব্যাখ্যা করো।

(চ) অন্ত্যবিশেষ বলতে কী বোঝায়?

(ছ) অদ্বৈতমতে ব্রহ্মের স্বরূপ লক্ষণ ও তটস্থ লক্ষণ আলোচনা করো।

(জ) শঙ্করাচার্য কয়প্রকার সত্তা স্বীকার করেন? সংক্ষেপে আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫×২

(ক) 'প্রত্যক্ষই একমাত্র প্রমাণ'— এই সিদ্ধান্তের অনুকূলে চার্বাক কী যুক্তি দিয়েছেন? এই সিদ্ধান্ত গ্রহণ করলে কী কী অসুবিধার সম্মুখীন হতে হয়? ৮+৭

(খ) ন্যায়মতে প্রত্যক্ষের লক্ষণ আলোচনা করো। সবিকল্পক ও নির্বিকল্পক প্রত্যক্ষের পার্থক্য ব্যাখ্যা করো। ৮+৭

(গ) বৈশেষিক অভাবকে স্বতন্ত্র পদার্থরূপে স্বীকার করেন কেন? অভাবের প্রকারভেদগুলি আলোচনা করো। ৩+১২

(ঘ) অদ্বৈত বেদান্তমত অনুসরণ করে মায়া বা অজ্ঞানের স্বরূপ আলোচনা করো। ১৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) The school of Indian philosophy which does not accept *anumāna* as a *pramāṇa* is

(i) Cārvāka (ii) Nyāya
(iii) Vaiśeṣika (iv) Vedānta

(b) The number of *pramāṇas* accepted by Nyāya is

(i) 1 (ii) 2
(iii) 4 (iv) 6

(c) How many *laukika sannikarṣas* are admitted by Nyāya?

(i) 3 (ii) 4
(iii) 6 (iv) 9

(d) Which *avayava* of Pañcāvayavī Nyāya is called *upanaya*?

(i) Second (ii) Third
(iii) Fourth (iv) Fifth

(e) What is the *sannikarṣa* experienced in the visual perception of the red colour of a rose?

(i) *samavāya* (ii) *saṁyukta samavāya*
(iii) *saṁyukta-samaveta-samavāya* (iv) *samaveta samavāya*

(f) The author of Vaiśeṣika sūtra is

(i) Maharshi Goutama (ii) Maharshi Kaṇāda
(iii) Maharshi Kapila (iv) Maharshi Patañjali

(g) According to the Vaiśeṣikas, *prāgabhāva* has

(i) beginning but not end (ii) end but not beginning
(iii) both beginning and end (iv) none of these

(h) According to the Vaiśeṣikas, what *padārtha* is *jñāna*?

(i) *dravya* (ii) *guṇa*

(iii) *karma* (iv) *sāmānya*

(i) The most extensive *jāti* according to Vaiśeṣikas is

(i) *parā* (ii) *aparā*

(iii) *parāparā* (iv) none of these

(j) What is the status of the world according to Śaṁkarācārya?

(i) *sat* (ii) *asat*

(iii) *sadasat* (iv) *mithyā*

(k) Which school of Indian philosopy has the view that 'Jīva is identical with Brahman'?

(i) Cārvāka (ii) Nyāya

(iii) Vaiśeṣika (iv) Advaita Vedanta

(l) Śaṁkarācārya was a

(i) Dualist (ii) Monist

(iii) Nihilist (iv) Pluralist

2. Answer in brief (***any five***) : 5×5

(a) Is *vyāptijñāna* possible? Discuss according to the Cārvākas.

(b) Distinguish between *svārthānumiti* and *parārthānumiti*.

(c) Give a short account of *samavyāpti* and *viṣamavyāpti*.

(d) How many types of karma are admitted by the Vaiśeṣikas? What are these? Give examples.

(e) How do the Vaiśeṣikas differentiate between *samavāya* and *saṃyoga*? Explain in short.

(f) What is meant by antya-viśeṣa?

(g) Discuss the *svarūpa lakṣaṇa* and the *taṭastha lakṣaṇa* of Brahman according to Advaita Vedānta.

(h) How many types of *sattā* are accepted by Śaṁkarācārya? Discuss in brief.

3. Answer ***any two*** questions : 15×2

(a) 'Perception is the only *pramāṇa*'— what are the arguments given by the Cārvākas in favour of this view? What are the inconveniences one should have to face if this view is accepted? 8+7

(b) Discuss the Nyāya definition of prātyakṣa. Distinguish between nirvikalpaka and savikalpaka pratyakṣa. 8+7

(c) Why do the Vaiśeṣikas admit *abhāva* as a separate category? Discuss the different forms of *abhāva*. 3+12

(d) Discuss the doctrine of māyā or *ajñāna* according to Advaita Vedānta. 15